

[ধারা ৪ এর (১) উপ-ধারা দ্রষ্টব্য]
ফরম- ক {বিধি ১৯(১) দ্রষ্টব্য}
এল এ কেস নং-০১/২০২৫-২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
(ভূমি অধিগ্রহণ শাখা)
www.pabna.gov.bd



তারিখ : ১০/০২/২০২৫

জারির নম্বর : ১৪৫

নোটিশ

১। জেলা প্রশাসক, পাবনা মহোদয়ের কার্যালয়ের, নোটিশ বোর্ড।

২। প্রশাসক, পাবনা পৌরসভা, পাবনা সদর, পাবনা।

৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাবনা সদর, পাবনা।

৪। উপজেলা ভূমি অফিস, পাবনা সদর, পাবনা।

৫। সহকারী কমিশনার, তথ্য ও আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা তাকে জেলা প্রশাসক, পাবনা মহোদয়ের ওয়েব

পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হল।

৬। পৌর ভূমি অফিস/টেবুলিয়া ইউনিয়ন ভূমি অফিস, পাবনা সদর, পাবনা।

৭। সংশ্লিষ্ট মৌজার উপর লটকায়ে জারি।

৮। অফিস কপি।

যেহেতু নিম্ন তপশিল বর্ণিত সম্পত্তি জেলা পর্যায়ে আধুনিক তথ্য কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়) (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় “পাবনা জেলায় আধুনিক তথ্য কমপ্লেক্স নির্মাণ” জন প্রয়োজন ও জনস্বার্থমূলক উদ্দেশ্যে প্রয়োজন, সেহেতু এক্ষণে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সালের ২১ নম্বর আইন) এর ৪ ধারার অধীনে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নোটিশ জারি করা হইল যে, বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণের প্রস্তাব করা হইয়াছে।

উক্ত সম্পত্তিতে স্বার্থবান যে কোন ব্যক্তি এই নোটিশ জারির পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে প্রস্তাবিত সম্পত্তির অধিগ্রহণের বিরুদ্ধে নিম্নস্বাক্ষরকারীর নিকট আপত্তি (যদি থাকে) দায়ের করিতে পারিবেন।

১০/০২/২০২৫ তারিখে বা তারিখ হতে তপশিল বর্ণিত সম্পত্তির যৌথ তদন্ত হবো। যৌথ তদন্তকালে উক্ত সম্পত্তির মালিক বা স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিকে উপস্থিত থাকিবার জন্য অনুরোধ করা হইলো।

তপশিল

মৌজার নাম : রাধানগর, জেএল নম্বর : ৮৩

উপজেলা : পাবনা সদর ও জেলা : পাবনা

ক্রমিক নম্বর	বি.আর.এস খতিয়ান নম্বর	বি.আর.এস দাগ নম্বর	বি.আর.এস রেকর্ডীয় জমির শ্রেণি	দাগে মোট জমির পরিমাণ (একর)	অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একর)	মন্তব্য
০১	৩৮৩৬,১৬১৪	১৬০৬৮	পতিত	০.৩৫৫২	০.২২৩০	
০২	৩৮৩৬,৪৬৫৪	১৬০৬৯	পুকুর	০.২৬০৮	০.১৭৭০	

মোট = ০.৪০০০ (শূন্য দশমিক চার শূন্য শূন্য) একর

অধিগ্রহণকৃত ভূমি মালিক/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য জ্ঞাতব্য :

১। উল্লিখিত জমির বাস্তব অবস্থা, স্থাপনা, অবকাঠামো ইত্যাদির ভিডিও, সরেজমিন তদন্ত করে মালিকানা/দখল ইত্যাদি তথ্য সম্বলিত যৌথ তদন্ত বহি প্রস্তুত করা হইবে। নির্ধারিত সময়ে উক্ত তদন্তকালে স্বয়ং বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি মারফত কাগজপত্র ও দলিলাদিসহ (সার্টিফাইড/মূলকপি) উপস্থিত থাকুন এবং সঠিক তথ্য প্রদান করুন।

২। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যৌথ তদন্ত তালিকা প্রস্তুতপূর্বক উহা প্রস্তাবিত এলাকার সুবিধাজনক স্থানে এবং নিকটস্থ ভূমি অফিসে লটকাইয়া দেওয়া হইবে। উহা দেখিয়া আপনি আপত্তি দিতে পারিবেন। আপনার নামে রেকর্ড হালনাগাদ/নামজারি না থাকিলে, অবিলম্বে হালকরন পূর্বক বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধ করিয়া দাখিলা/মওকুফ দাখিলা সংগ্রহ করুন। ইহা ক্ষতিপূরণ প্রাপ্তির স্বপক্ষে আপনার মালিকানা প্রমাণে সহায়ক হইবে।

৩। অবৈধভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে জমির শ্রেণী পরিবর্তন, অবকাঠামো নির্মাণ করিবেন না। এরূপ পরিবর্তন বা অবকাঠামো পরিবর্তন লিপিবদ্ধ করা হইবে না এবং আপনি ইহার জন্য কোন ক্ষতিপূরণ প্রাপ্য হইবেন না।

৪। সকল ক্ষেত্রে নিজে বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সরাসরি আবেদন করুন। ক্ষমতা প্রদানের জন্য নির্ধারিত ফরম ব্যবহার করুন। অনলাইনে আবেদন, ফরম ও পদ্ধতি জানার জন্য এ কার্যালয়ের ওয়েব সাইট www.pabna.gov.bd ভিজিট করুন।

মো: মমিরুজ্জামান
সহকারী
ভূমি অধিগ্রহণ শাখা, পাবনা

মো: হারুনুর রশীদ
কানুনগো
ভূমি অধিগ্রহণ শাখা, পাবনা

জেলা প্রশাসক
পাবনার পক্ষে
ইশরাত হোসেন বর্মা
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
পাবনা